
# যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতায় আস্থার সংকট ইরানের: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে বিরোধ মেটাতে ইরান আগ্রহী হলেও আলোচনায় যাওয়ার আগে ওয়াশিংটনকে আস্থা পুনর্গঠন করতে হবে বলে জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

যুক্তরাষ্ট্রের প্রতি আস্থার সংকটের কথা বললেন পেজেশকশনিবার (২৬ সেপ্টেম্বর) সিবিএস নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, তেহরানের সরকার বা প্রশাসন উৎখাতের কোনো পরিকল্পনা যুক্তরাষ্ট্রের নেই—এমন নিশ্চয়তা আগে দিতে হবে ওয়াশিংটনকে। তার প্রশ্ন, যুক্তরাষ্ট্র যদি সত্যিই সমঝোতা চায়, তাহলে আলোচনার সময় ইরানের ওপর হামলা কেন চালানো হয়েছে।

পেজেশকিয়ান আরও বলেন, ইসরায়েলও তাদের বক্তব্যে ইরানের সরকারকে নিষ্ক্রিয় করার কথা বলেছে। তার মতে, এ ধরনের পদক্ষেপ আলোচনার পরিবেশ তৈরি করে না।

ইরানের প্রেসিডেন্ট বলেন, যুক্তরাষ্ট্র যদি সত্যিই সমস্যা সমাধানে আগ্রহী হয়ে থাকে, তাহলে আলোচনার মধ্যেই কেন বোমা হামলা চালানো হলো এবং ইরানের বিজ্ঞানী, কর্মকর্তা ও সাধারণ মানুষকে কেন হত্যা করা হলো—এসব প্রশ্নের উত্তর দিতে হবে।

LENS ASIA